

মমকামিনী ছড়া - ৩

মোহাম্মদ আবদুর রায়যাক

১

আবদুললাহ আবু সাইদ আলোর ঝর্নাধারা;
মন্দ বলে তাঁকে কিছু অন্ধকারের জীব-
স্বঘোষিত 'দেশের বন্ধু', ফালতু নেতা তারা,
ফাকাবুলির রাজনীতিবিদ, 'সন্মানিত' ক্লীব।
অবাক লাগে কেমন করে দেশবাসী দেয় ভোট
এ সব মুর্খ, অর্বাচীন আর মাথা মোটার দলে -
চিলে নাকি কান নিয়েছে, তাই শুনে দেয় ছুট;
বুঝবে এবার, জনতা আর ফেলবে না ভোট জলে।

২

সংসদে নাকি স্পিকারের কথা আনে দেশদ্রোহী ঘ্রান -
বলেন দেশের মহা আদালতে কোন এক বিচারপতি;
সাংসদদল রেগে মেগে কাঁই; 'এত বড় অপমান
সইবো না মোরা, এ বিচারকের অভিশংসনই গতি।'
এর খেই ধরে আদালত পাড়া হঠাৎ সর-গরম,
'কথায় কথায় অপমান করে, এর মাথা ঠিক নেই'
'দলীয় বিচারে পেয়েছে এ পদ, কি লজ্জা, কি শরম!'
সব দেখে শুনে জনতা বিমূঢ়; হারিয়ে ফেলেছে খেই।

হিউস্টন, জুন ৬, ২০১২